সরকারি খাসজমি উদ্ধারে দামুড়হুদা ইউনিয়ন ভূমি কর্মকর্তা পান্না মিয়াকে সংবর্ধনা

সরকারি খাসজমি উদ্ধারে বিশেষ অবদান রাখায় দামুড়হুদা সদর ইউনিয়ন (ভূমি) সহকারী কর্মকর্তা পান্না মিয়াকে সংবর্ধনা দেয়া হয়েছে।

আজ সোমবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা মাসিক রাজস্ব সভায় তাকে সংবর্ধনা দেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে মাসিক রাজস্ব সভায় এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আরাফাত রহমান সহ জেলা রাজস্ব প্রশাসনের কর্মকর্তাগণ।

উল্লেখ্য, এই কর্মকর্তা ইতোপূর্বেও ভূমিসেবা সপ্তাহ ২০২৩ উপলক্ষে দামুড়হুদা উপজেলার মধ্যে সর্বোচ্চ ভূমি উন্নয়ন কর আদায়কারী হিসেবে ১ম স্থান অধিকার করেন। সে সময় তাকে দামুড়হুদা উপজেলা ভুমি প্রশাসনের পক্ষ থেকে সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান করা হয়। তিনি গত কয়েকদিন আগে দামুড়হুদা ইউনিয়ন ভূমি অফিসের অধিনে ১.৫৫একর সরকারি খাসজমি উদ্ধার করেছেন।

চুয়াডাঙ্গায় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার শুভ উদ্বোধন

গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গায় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার শুভ উদ্বোধন করা হয়েছে। সোমাবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সামাজিক বন বিভাগের আয়োজনে এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০২৩ উদযাপন উপলক্ষে

বর্ণাঢ্য র্যালি এবং র্যালি পরবর্তী আলোচনা সভা জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক(প্রশাসন ও অর্থ),চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর ইসরাফিল হোসেন,চুয়াডাঙ্গা বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ জি এম মোহাম্মদ কবির, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা,চুয়াডাঙ্গা জেলা মার্কেটিং অফিসার শহিদুল ইসলাম সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা ও বন বিভাগ এবং বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান গণ উপস্থিত ছিলেন।

এসময় অতিথিবৃন্দ বাড়ির আঙ্গিনা ছাদে এমন কি পতিত জমিতে গাছ লাগানোর জন্য আহবান জানান এবং গাছ লাগিয়ে গাছের উপর সঠিক ভাবে পরিচর্যা করার জন্যও আহবান জনান । অতিথিবৃন্দ জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন এবং শিক্ষার্থীদের হাতে গাছের চারা তুলে দেন।

আলমডাঙ্গার কুলপালায় সড়ক দুর্ঘটনায় খাদ্য গুদামের দুই কর্মকর্তা নিহত

আলমডাঙ্গা উপজেলায় মাইক্রোবাস-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে খাদ্য গুদামের দুই কর্মকর্তা নিহত হয়েছেন। এ ঘটনায় আরও একজন আহত হন।

রবিবার সন্ধ্যা ৭ টায় চুয়াডাঙ্গা-মেহেরপুর আঞ্চলিক সড়ক কুলপালা নামক এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন চুয়াডাঙ্গা সদর খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি এলএসডি) নজরুল ইসলাম (৪২) ও উপ-সহকারী পরিদর্শক (এএসআই) সাইদুর রহমান (৪৫)। তবে তাৎক্ষণিক আহত ব্যাক্তির পরিচয় জানা যায়নি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে নিহতদের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

নিহত ওসিএলএসডি নজরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি উত্তরপাড়ার মৃত ইউনুস শেখের ছেলে। খাদ্য অফিসের এএসআই সাইদুর রহমানের বাড়ি মেহেরপুর শহরে।

স্থানীয়রা জানান, রবিবার সন্ধ্যা ৭ টায় মেহেরপুর থেকে দ্রূত গতিতে আসা একটি মাইক্রোবাস চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিলো। এসময় মাইক্রোবাসটির একটি চাকা পাঙচার হয়। নিয়ন্ত্রণ হারিয়ে বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মোটরসাইকেলের দুই আরোহী মারা যান। খবর পেয়ে চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা ফায়ারসার্ভিসের দু’টি ইউনিট ঘটনাস্থলে পৌছাই।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে নিহতদের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

ঝিনাইদহ জেলা আ’লীগ কার্যালয়ে স্মার্ট কর্নারের উদ্বোধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ কার্যালয়ে স্মার্ট কর্ণার উদ্বোধন করা হয়েছে। আজ রবিবার (৩০ জুলাই) সকালে জেলা আওয়ামী লীগ কার্যালয়ে বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী পরিচালনা কমিটির কো- চেয়ারম্যান, সাবেক মন্ত্রী পরিষদ সচিব কবির বিন আনোয়ার এই উদ্বোধন ঘোষণা করেন।

উদ্বোধন শেষে জেলা শিল্প কলা একাডেমিতে জেলা আওয়ামী লীগের আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি’র সভাপতিত্বে এবং জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে সাবেক মন্ত্রী পরিষদ সচিব কবির বিন আনোয়ার বক্তব্য রাখেন। এসময় জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি সাবেক এমপি শফিকুল অপু ও জেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগের নেতৃবৃন্দসহ অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি আগামী জাতীয় সংসদ নির্বাচনের আওয়ামী লীগকে বিজয়ী করার বিভিন্ন কৌশল এবং নারী পুরুষকে সমভাবে আওয়ামী লীগের কর্মসূচীতে অংশ গ্রহনের আহবান জানান।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আইনশৃঙ্খলা মহড়া অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এর দিকনির্দেশনায় প্রত্যেকটি থানা এলাকায় একযোগে আইন-শৃঙ্খলা মহড়া অনুষ্ঠিত হয়।

শনিবার সকাল বিকেলে চুয়াডাঙ্গা জেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল ইউনিট।

চুয়াডাঙ্গা জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং যেকোন ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তাৎক্ষণিকভাবে প্রতিরোধে করতে পুলিশ সুপার নির্দেশনা মোতাবেক চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান ও সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিরা সুলতানা এর নেতৃত্বে ডিবি, সদর থানা, সদর ফাঁড়ি, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, জীবননগর থানা, আলমডাঙ্গা থানার অফিসার ও ফোর্সের সমন্বয়ে প্রত্যেক থানা এলাকার প্রধান প্রধান সড়ক সমূহ প্রদক্ষিণ করে।

দামুড়হুদায় হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা সাড়ে ৫ টার দিকে ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে ডুগডুগি বাজারে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মো: আকবার বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো আলী আহাম্মেদ সোনা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি সিরাজুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আদিল হোসেন, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান সেলিম, সহ-সভাপতি আনন্দ ঘোষ, যুগ্ম সাধারণ সম্পাদক মিন্টু হোসেন নেদু, সাংগঠনিক সম্পাদক সবুজ হোসেন, আওয়ামী লীগ নেতা বাবলু মিয়া, এসময় আরও উপস্থিত ছিলেন, ৯ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুর রহমান, সাধারণ সম্পাদক ইয়াসিন আলী খোকন, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শাজাহান আলী, হাউলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি হাসেম আলী, যুবলীগ নেতা জহুরুল ইসলাম ফকির, হাউলী ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতা, যুবলীগ নেতা শরিফ, ওয়াসিম ঘোষ, হাউলী ইউপি সদস্য আব্দুল হান্নান পটু, শহিদুল ইসলাম, রিকাত আলী, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মিন্টু হোসেন নেদু’র সার্বিক তত্বাবধানে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন ছাত্র লীগের যুগ্ম আহবায়ক রায়হানুল ইসলাম।

চুয়াডাঙ্গায় দিনে-দুপুরে পাখি ভ্যান চুরি; দিশেহারা শিশু ভ্যান চালক ইব্রাহিম

চুয়াডাঙ্গায় রেল বাজার হতে দিনে-দুপুরে ভ্যান চালককে প্রতারণা করে চুরি করে নিয়েছে আয়ের শেষ সম্বল পাখি ভ্যান।

আজ শনিবার সকাল নয়টার টার দিকে চুয়াডাঙ্গার রেল বাজারে এ ঘটনা ঘটে। পাখি ভ্যান চুরি হওয়ায় কান্নায় ভেঙে পড়ে চুয়াডাঙ্গার শিশু ভ্যান চালক ইব্রাহিম।

জানা গেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার শ্রিকোল বোয়ালিয়া দিনমজুর শাহাজাহান আলির ছেলে শিশু ইব্রাহিম। শিশু ইব্রাহীমের বাবা অসুস্থ থাকার কারণে ইব্রাহিম শনিবার ভ্যান নিয়ে বাহির হয় কিছু ভাড়ার আশায়। সংসারের অভাবে কারণে ইব্রাহিমের বাবা শাহাজান আলী ৩০ হাজার টাকা ঋণ নিয়ে পাখি ভ্যান ক্রয় করে। গত কয়েক মাস আগে পাখি ভ্যান কিনে ইব্রাহিমের বাবা।

সে সকাল থেকে রাত পর্যন্ত ৫ থেকে ৭ শত টাকা আয় করে পরিবারের অভাব ঘুচাত পরিবারের শেষ সম্বল ভ্যানে।

আজ শনিবার সকাল ৯টার দিকে চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজারে এজেন্ট ব্যাংকিং সেবা ইসলামিক ব্যাংকের সামনে থেকে উঠে বসুভান্ডারদহ ও পরে রেল বাজার যাওয়ার জন্য ২ জন অজ্ঞাত ব্যক্তি ভাড়া হিসেবে ৩ শত টাকা চুক্তি করে।

শিশু ভ্যান চালক ডিঙ্গেদহ থেকে হয়ে সকাল সাড়ে দশটার দিকে চুয়াডাঙ্গা রেল বাজারে পৌঁছালে প্যাসেঞ্জার একজন শিশু ভ্যান চালক ইব্রাহিম কে বলে ওই দোকানে কিছু বস্তা আছে সেগুলো ধরতে হলে তোমার সহযোগিতার লাগবে তখন ভ্যান চালক শিশু ইব্রাহিম ওনার সাথে যেতে সম্মতি প্রকাশ করে ওনার সাথে চলে যায়। বস্তা সল্প পরিমাণের হওয়াই তখন ভ্যান চালককে ভ্যানে ফিরে যেতে বলে ওই প্রতারক। ভ্যানের কাছে ফিরে এসে ভ্যান ও প্যাসেঞ্জার কাউকে দেখতে

না পেয়ে কান্নায় ভেঙে পড়ে শিশু ইব্রাহিম। ইব্রাহিমের সাথে বস্তা নিতে যাওয়া অন্য প্রচারকও উধাও হয়ে যাও।

ভ্যান হারানোর জন্য শিশু ইব্রাহিমকে সাথে নিয়ে তার বাবা শাহাজাহান আলী চুয়াডাঙ্গা সদর থানায় একটি হারানো মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদায় জয়রামপুর ইউথ ক্লাব আয়োজিত ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন

একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে সেই উপলক্ষে দামুড়হুদার জয়রামপুর ইউথ ক্লাব আয়োজিত তপন স্মৃতি ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ শনিবার বেলা ৪ টায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর ইউথ ক্লাব মাঠে। এ খেলায় মোট ১৬টি দল অংশগ্রহণ করবে সম্পূর্ণ খেলা নকআউট ভিত্তিতে হবে। উদ্বোধনী ম্যাচে মাধবপুর একাদশ বনাম লাবিব স্পোর্টিং ক্লাব চুয়াডাঙ্গা অংশ গ্রহণ করে। খেলায় মাধবপুর একাদশকে ট্রাইবেকারে ৪-৩ গোলে হারিয়ে লাবিব স্পোর্টিং ক্লাব চুয়াডাঙ্গা জয়লাভ করে।

জয়রামপুর ইউথ ক্লাব সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে: প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এক সময় আমাদের দেশের খেলা-ধুলার মান খুবই খারাপ ছিলো। মাননীয় প্রধানমন্ত্রী নেতৃত্বে দেশের উন্নয়নের ধারা অব্যাহত থাকার সাথে সাথে খেলা-ধুলার মানও উন্নতির দিকে এগিয়ে চলেছে। সকলকে মাদক পরিহারের অঙ্গীকার করতে হবে। একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দুরে রাখতে। আমাদের যুবসমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে খেলা-ধুলার বিকল্প নেই।

বিশেষ অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশন এর সভাপতি মোঃ এখলাছ উদ্দীন সুজন বলেন, মাদকের ভয়াল থাবা থেকে আমাদের সন্তানদের দুরে রাখতে হবে। মাদক থেকে দুরে থাকতে হলে খেলা-ধুলার বিকল্প নেই। মাদকাসক্ত একটি সন্তান ওই পরিবারের অভিশাপ। একটি পরিবারকে ধ্বংশ করতে একজন মাদকাসক্ত সন্তানই যথেষ্ট। তাই অভিভাবকদেরও লক্ষ রাখতে হবে আপনার সন্তান কোথায় যায়, সে মাদকাসক্ত কিনা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী। জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যক্ষ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিফ অমল, আমজাদ হোসেন, সিরাজুল ইসলাম মাস্টার, আহসান কবীর রিপন মিয়া,নিশান তরফদার।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদ এর সঞ্চালনায় আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন,রাজীব, রাশেদুল ইসলাম স্বপন, রাশেদুল ইসলাম রনি, হাফিজুর,আরিফ, নাজির,মুসা, আজাদ, হাসিবুল সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

মেডিক্যাল টিমের দায়িত্ব পালন করেন আবু বকর সিদ্দিক ও রাশিদুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দামুড়হুদা। রেফারির দায়িত্ব পালন করেন আব্দুস সবুর, একরামুল হাসান নিপুণ, তারিকুল ইসলাম আলো। ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও রাশেদ।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজা সহ আটক-১

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় থেকে অভিযান পরিচালনা করা হয়েছে। এ সময় গাঁজা সহ ১মাদক ব্যবসায়িকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

শনিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুঁইয়া ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান, উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় চুয়াডাঙ্গা সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:মুনছুর আলী (৪৫) পিতা মৃত:গোপাল শেখ, গ্রাম:হকপাড়া , থানা:চুয়াডাঙ্গা সদর জেলা:চুয়াডাঙ্গা কে চুয়াডাঙ্গা সদর থানাধীন হক পাড়া গ্রামস্থ মো: গোলাম মোস্তফার বসতবাড়ির দক্ষিণ পাশে গলি রাস্তায় আসামিকে ঘেরাও পূর্বক আটক করে ০২ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয় উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

দামুড়হুদায় রাস্তার উন্নয়ন কাজের শুভ উদ্বোধন

দামুড়হুদা সদর ইউনিয়নের হাতিভাঙা গ্রামবাসীর দীর্ঘদিনের স্বপ্ন হাতিভাঙা-ছাতিয়ানতলা ফেরীঘাটের রাস্তার উন্নয়ন কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪টার দিকে হাতিভাঙ্গা গ্রামবাসীর আয়োজনে ফেরীঘাটের রাস্তার উন্নয়ন কাজের শুভ উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় তিনি প্রধান অতিথির বক্তব্যে বলেন, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের আমলে প্রতিটি সেক্টরেই উন্নয়নের ছোঁয়া লেগেছে। ঠিক তেমনিভাবে ভাবে দেশের মানুষের ভালোভাবে চলাচলের জন্য প্রচুর রাস্তাঘাট কালভার্টের উন্নয়ন প্রকল্পের কাজ করা হয়েছে যা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। দেশের গ্রামীণ সড়কের অভূতপূর্ব পরিবর্তন এনেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গ্রামের মধ্য দিয়ে

আরেকটি গ্রামের মধ্যে পিস রাস্তার সড়কের যে মেলবন্ধন তিনি এটে দিয়েছেন তা অসাধারণ। বর্তমান সরকারের ধারাবাহিকতা অব্যাহত থাকলে ডিজিটাল বাংলাদেশ থেকে দেশ স্মার্ট বাংলাদেশে পরিণত হওয়ার পথ সুগম হবে। এলজিইডি এর বাস্তবায়নে ৬৪ লক্ষ ৯ হাজার টাকায় ৭০০ মিটার রাস্তার কাজ সম্পন্ন হবে।

দামুড়হুদা সদর ইউনিয়ন ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি কলম এর সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।